

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯

ধর্মনগর, ৪ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসকের কার্যালয়ে সভা অনুষ্ঠিত

২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনের নির্বাচন উত্তর ত্রিপুরা জেলায় সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ উত্তর ত্রিপুরা জেলায় এক সভা অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের সাধারণ পর্যবেক্ষক শচীন্দ্র প্রতাপ সিং। অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের উপর গুরুত্ব আরোপ করে তিনি জেলার নির্বাচন সংক্রান্ত কাজের যাবতীয় বিষয়ে খোঁজ খবর নেন। ভোটকেন্দ্রের নিরাপত্তা সংক্রান্ত বিষয়, পরিকাঠামো ইত্যাদি বিভিন্ন বিষয় পর্যালোচনার পাশাপাশি ভোট কর্মীদের যথাযথ প্রশিক্ষণ, ভোটিং মেশিনগুলি ভোটকেন্দ্রে নিরাপদে নেওয়া ও আনা ইত্যাদি যাবতীয় ব্যবস্থা যথাযথভাবে গ্রহণ করার জন্য সভায় গুরুত্ব আরোপ করেন।

এদিনের সভায় জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন সাধারণ পর্যবেক্ষককে জেলার বিভিন্ন নির্বাচন সংক্রান্ত বিষয়ে অবহিত করেন। উল্লেখ্য যে উত্তর ত্রিপুরা জেলায় মোট ভোটার রয়েছে ৩ লক্ষ ৩১ হাজার ৩০ জন। মোট ভোটকেন্দ্র রয়েছে ৩৭২টি। এদিনের সভায় জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, জেলার অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা, ধর্মনগরের মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, পানিসাগরের মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, কাঞ্চনপুরের মহকুমা শাসক প্রদীপ কৃষ্ণরাজ সহ অন্যান্য নোডাল অফিসারগণ উপস্থিত ছিলেন।
